

পানি সমতল সম্পর্কিত বিশেষ প্রতিবেদন

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে স্বাগতম। আজ সোমবার ১০ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/২৫ সেপ্টেম্বর ২০১৭ খৃঃ পর্যবেক্ষণাধীন ৯০টি স্টেশনের মধ্যে সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী সকল নদ-নদীর পানি সমতল বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

- যমুনা, গঙ্গা-পদ্মা ও সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল রয়েছে।
- আগামী ২৪ ঘণ্টায় যমুনা নদীর পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে, অপরদিকে ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল হ্রাস আগামী ২৪ ঘণ্টায় অব্যাহত থাকতে পারে।
- সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস আগামী ৪৮ ঘণ্টায় অব্যাহত থাকতে পারে।

ধন্যবাদ।